Jesus Film Project®
A Cru Ministry

# ঈসাকে বিবেচনা করুন



সমাজমূলক ছোট দলসমূহের জন্য
একটি ১০-সপ্তাহব্যাপী কৌশল

# ঈসাকে বিবেচনা করুন

## সমাজমূলক ছোট দলসমূহের জন্য একটি ১০-সপ্তাহব্যাপী কৌশল

*ঈসা কে হন এবং তাঁকে অনুসরণ করার অর্থটি কি তা আরো ভালোভাবে লোকেদেরকে বুঝতে সাহায্য করতে মগ্দলীনী: লজ্জা থেকে মুক্তি, চলচ্চিত্রটিকে ব্যবহার করা।*

Jesus Film Project®
A Cru Ministry

## লিডারের গাইড

# ঈশ্বর আপনাকে আপনার সমাজে তাঁর রাজ্য নির্মাণে বিভিন্ন অর্থপূর্ণ উপায়ে ব্যবহার করবেন।

ঈসা কে হন—তাঁর করুনা, তাঁর নমনীয়তা, তাঁর পবিত্রতা, তাঁর মৃদুতা, তাঁর রাজকীয়তার বিষয়ে যখন আপনি প্রথমবার জেনেছিলেন তা স্বরণ করতে এক মুহূর্ত সময় নিন। তিনি সেই সকল কিছু ছিলেন যা আপনি প্রত্যাশা করেছিলেন এবং সেই সকল কিছু ছিলেন যা আপনাকে রক্ষা ও উদ্ধার করতে পারত। তিনি হলেন আপনার আশা, এবং তিনি হলেন সমস্ত জাতির ও সকল মানুষের আশা।

প্রেরিত যোহন প্রকাশিত বাক্য পুস্তকটিতে লেখেন:

"ইহার পরে আমি দৃষ্টিপাত করিলাম, আর দেখ, প্রত্যেক জাতির ও বংশের ও প্রজাবৃন্দের ও ভাষার বিস্তর লোক, তাহা গণনা করিতে সমর্থ কেহ ছিল না; তাহারা সিংহাসনের সম্মুখে ও মেষ শাবকের সম্মুখে দাঁড়াইয়া আছে; তাহারা শুক্লবস্ত্র পরিহিত, ও তাহাদের হস্তে খর্জুর-পত্র; এবং তাহারা উচ্চ রবে চিৎকার করিয়া কহিতেছে, 'পরিত্রাণ আমাদের ঈশ্বরের, যিনি সিংহাসনে বসিয়া আছেন, এবং মেষশাবকের দান'" (প্রকাশিত ৭:৯-১০, কেরী ভার্সন)।

রাজাদের রাজা কে সে বিষয়ে আপনার অধিক জ্ঞান আছে এবং অন্যদের কাছে তাঁর বিষয়ে জানাতে আমরা আপনাকে সুসজ্জিত করতে চাই ও ঈশ্বরের পরিবারে একত্রে বৃদ্ধি পেতে চাই।

মথি লিখিত সুসমাচারের অন্তিম পদগুলোতে ঈসা বলেছেন:

"অতএব তোমরা গিয়া সমুদয় জাতিকে শিষ্য কর; পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজ কর; আমি তোমাদিগকে যাহা যাহা আজ্ঞা করিয়াছি, সেই সমস্ত পালন করিতে তাহাদিগকে শিক্ষা দেও। আর দেখ, আমিই যুগান্ত পর্যন্ত প্রতিদিন তোমাদের সঙ্গে সঙ্গে আছি" (মথি ২৮:১৯-২০, কেরী ভার্সন)।

তিনি আমাদেরকে যেতে, শিষ্য বানাতে, তাদেরকে বাপ্তিস্ম দিতে এবং শিক্ষা দিতে বলেন এবং বলেন যে তিনি আমাদের সাথে সর্বদা থাকবেন, জীবনের প্রতি পদে পদে আমাদের সঙ্গে থাকবেন। *ঈসাকে বিবেচনা করুন* উপকরণটি সাহায্য করার জন্য একটি মহান কৌশলের প্রস্তাব দেয়। এটিকে ব্যবহার করে আপনি সেই সমর্পিত শিষ্যদের গড়ে উঠতে সাহায্য করতে পারবেন যারা একত্রে বৃদ্ধি পায় যখন তারা ঈসা কে সে বিষয়ে আরো গভীরভাবে শিখবে।

*ঈসাকে বিবেচনা করুন মগ্দলীনী: লজ্জা থেকে মুক্তি* চলচ্চিত্রটি থেকে বিভাগগুলোকে ব্যবহার করে, যা মগ্দলীনী মরিয়মের দৃষ্টিকোণ থেকে ঈসার বাইবেলীয় কাহিনীটিকে, তার জীবন-সাক্ষ্যের মাধ্যমে, তুলে ধরে। পরিবারের সদস্য, বন্ধুবান্ধব, এবং এমনকি পরিচিতদের সাথে একটি ছোট দলে ব্যবহার করার ক্ষেত্রে এটি একটি অত্যন্ত ভালো সাধনী। যখন তারা চলচ্চিত্রের প্রত্যেক বিভাগ দেখে, তখন অংশগ্রহণকারীরা ঈসার জীবন, চমৎকারসমূহ, মৃত্যু ও পুনরুত্থানের বিষয়ে আরো শিখতে পারবে। অনেকে ঈসাকে অনুসরণ করতে এমনিই বাধ্য হবে কারণ তিনি কে, অন্যদিকে অন্যরা তাঁর বিষয়ে আরো শিখতে আরো সুযোগগুলোকে চাইবে। এই সিরিজের অন্তিমে, *ঈসাকে বিবেচনা করুন* আগামী ছোট দলমূলক আলোচনাগুলোর জন্য জেসাস ফিল্ম প্রজেক্ট® দ্বারা নির্মিত, হয় *রিভিকা* অথবা *নোইং জেসাস* সাধনীটিকে ব্যবহার করে একটি আমন্ত্রণের প্রস্তাব দেয়।

*ঈসাকে বিবেচনা করুন* ব্যবহার করার চারটি সরল ধাপ রয়েছে।

# ধাপ এক

# ০১

## নির্ধারণ করুন কার কাছে আপনি পৌঁছাতে চান

কারা কারা ঈসার বিষয়ে আরো জানুক সে বিষয়ে আপনি কি চান? কাছের একটি গ্রাম বা পাড়া আছে কি যেটির তাঁর বিষয়ে জানার প্রয়োজন রয়েছে? বন্ধুদের বা সহকর্মীর একটি দল আছে কি?

প্রথমে, সেই স্থানে একটি "শান্তির ব্যক্তিটিকে" চিহ্নিত করুন। লূক ১০:৬-এ, ঈসা তাঁর বার্তাটিকে বহন করতে তাঁর ৭২জন অনুগামীদেরকে প্রেরণ করেছিলেন, এই নির্দেশ দিয়ে যেন তারা প্রত্যেক স্থানে একজন শান্তির ব্যক্তির সন্ধান করে যারা তাদেরকে আশ্রয় দেবে।

একজন শান্তির ব্যক্তি হল এমন কেউ, তাকে বিশ্বাসীই হতে হবে এমন নয়, যে হল:
- মসীহের প্রতি ও তাঁর শিক্ষামালার প্রতি উন্মুক্ত
- সমাজে প্রভাবী বা সু-পরিচিত
- আপনার নির্বাচিত সমাজে আপনাকে তাদের পরিচিতদের সাথে পরিচয় করিয়ে দিতে ইচ্ছুক ও সচরাচর
- অন্যদের *মগ্দলীনী* চলচ্চিত্রটি দেখতে আসতে আমন্ত্রণ দিতে আপনাকে সাহায্য করতে ইচ্ছুক

আমরা পরামর্শ দিই যেন আপনি এই ব্যক্তিটির সাথে একটি সম্পর্ক স্থাপন করেন। আপনি আপনার শান্তির ব্যক্তিটির সাথে সম্পর্ক গড়তে সাহায্য পেতে এই তিন-ধাপ প্রক্রিয়াটিকে একটি সহায়িকা সাধনী রূপে ব্যবহার করতে পারেন।

**ক. প্রার্থনা করা**
এই শান্তির ব্যক্তিটির জন্য প্রার্থনা করুন। প্রার্থনা করুন যেন ঈশ্বর আপনাকে দেখান যে এই ব্যক্তিটি হল—এমন কেউ যে তার পরিবার ও বন্ধুদের সাথে আপনাকে পরিচয় করবে। যখন আপনি এই ব্যক্তিকে জানবেন, তখন তাকে জিজ্ঞাসা করুন যে তার জন্য আপনি কি প্রার্থনা করতে পারেন।

**খ. যত্ন নেওয়া**
যখন আপনি এই নতুন বন্ধুটির জন্য প্রার্থনা করেন এবং তার প্রয়োজনগুলোকে বুঝতে আরম্ভ করেন, তখন ব্যক্ত সেই প্রয়োজনগুলোকে শোনার দ্বারা ও সেগুলোকে পূর্ণ করার দ্বারা তাকে দেখান যে আপনি তার পরোয়া করেন। একজন খাঁটি ও সাহায্যকারী বন্ধু হন।

**গ. শেয়ার করা**
যখন আমরা লোকেদের থেকে শুনি এবং তাদের প্রয়োজনগুলোকে পূর্ণ করি, তখন আমাদেরকে ঈসার সুসমাচার শোনানোর সুযোগ দেওয়া হয়। যখন সুযোগ সহজেই থাকবে তখন আপনার শান্তির ব্যক্তিটিকে ঈসার সুসমাচারটিকে জানান যদি তিনি তাঁকে পূর্বেই না জেনে থাকেন।

# ধাপ দুই

# ০২

## *মগ্দলীনী: লজ্জা থেকে মুক্তি*, চলচ্চিত্রটিকে দেখান

এই কৌশলটির জন্য, আমরা আমাদের উদাহরণ রূপে একটি মহিলাদের দলের ব্যবহার করব, যাইহোক, পুরুষদেরকে ও পরিবারগুলোকেও *ঈসাকে বিবেচনা করুন* উপকরণটিকে ব্যবহার করার বিষয়ে স্বাগত ও উৎসাহ দেওয়া হচ্ছে!

আপনার শান্তির ব্যক্তির সাথে একত্রে, কিছু মহিলাদেরকে *মগ্দলীনী* দেখতে আমন্ত্রণ করুন, হতে পারে শান্তির ব্যক্তিটির নিজ বাড়িতে। কিছু খাবার পরিবেশন করুন ও খাওয়ার পর চলচ্চিত্রটি দেখুন বা কিছু পানিখাবার ও পানীয় পরিবেশন করুন। উপস্থিত ব্যক্তিদের ভালোভাবে যত্ন নিন এবং উদারতার সাথে আতিথেয়তার অনুশীলন করুন।

জেসাস ফিল্ম প্রজেক্ট ওয়েবসাইট-এ এবং জেসাস ফিল্ম প্রজেক্ট অ্যাপ-টিতে *মগ্দলীনী* চলচ্চিত্রটি প্রায় ২০০টি ভাষাতে বিনামূল্যে উপলব্ধ রয়েছে। যদি আপনার কাছে একটি ইউ.এস.বি পোর্ট রয়েছে এমন টেলিভিশন থাকে, তবে *মগ্দলীনী* দেখানোর জন্য একটি ফ্ল্যাশ ড্রাইভের ব্যবহার করুন। যদি আপনার কাছে একটি ব্লুটুথ স্পিকারের সাথে একটি ট্যাবলেট উপকরণ থাকে তবে আপনি ১০জন পর্যন্ত একটি ছোট দলকে অথবা একটি বড় জনসমাবেশে চলচ্চিত্রটিকে দেখাতে পারবেন।

চলচ্চিত্রটির শেষে, আপনার দলটির কাছে আগামীতে অংশ নেওয়ার জন্য দুটো আমন্ত্রণ দিন:

প্রথম, মহিলাদেরকে ঈসার অনুগামী হতে আমন্ত্রণ দিন। আপনার নিজ কাহিনীটিকে বলার বিষয়ে এবং তাদের দেখা এই চলচ্চিত্রের কাহিনীটির সাথে সেটিকে সম্পর্কিত করার বিষয়ে বিবেচনা করুন।

দ্বিতীয়, তাদেরকে পুনরায় আসতে এবং এসে ঈসার বিষয়ে আরো কথা বলতে আমন্ত্রণ দিন! তাদের বান্ধবীদেরকে সাথে আনতে চ্যালেঞ্জ করুন যারা আগ্রহী হতে পারে। এই প্রকারে আপনি তাদের থাকা প্রশ্নগুলোকে সম্বোধন করতে পারবেন তথা *ঈসাকে বিবেচনা করুন* পাঠ্যক্রমটির মাধ্যমে প্রভু মসীহের কাহিনীগুলোকে অধ্যয়নও করতে পারবেন।

তারপর, উপস্থিত মহিলাদেরকে জানতে সময় ব্যতিত করুন। তাদের দেখা চলচ্চিত্রটির কাহিনীগুলো এবং সারবস্তুগুলো তাদের নিজ যন্ত্রণাদায়ক কাহিনীকে হালকা স্পর্শ করতে পারে। যদি প্রয়োজন হয় তবে এক এক করে তাদের জন্য প্রার্থনা করার প্রস্তাব দিন।

এখন আসছে সবচাইতে ভালো অংশটি!

# ধাপ তিন

# ০৩

## আপনার নিজস্ব *ঈসাকে বিবেচনা* করুন-এর ছোট দলমূলক সমাজের আরম্ভ করুন

সেই প্রত্যেক মহিলার জন্য প্রার্থনা করুন যিনি ঈসাতে এবং ছোট দলটিতে রুচি দেখিয়েছে—যেন তার হৃদয়ের ভূমিটি পবিত্র আত্মার দ্বারা কোমল হয় এবং মন ফেরায়। প্রার্থনা করুণ যেন ঈসার প্রত্যেক কাহিনী তাদেরকে গুরুত্বপূর্ণ ও অর্থপূর্ণভাবে প্রভাবিত করে এবং যেন তারা ব্যক্তিগতভাবে কাহিনীগুলোর সাথে সংযুক্ত হতে পারে।

এই মিটিংটিতে এবং আগামী মিটিংগুলোতে, আপনি একত্রে ঈসার বিষয়ে আরো শিখতে এবং তাঁর বিষয়ে বলতে *মগ্দলীনী* চলচ্চিত্রটি থেকে ১০ বিভাগের ব্যবহার করবেন। এখানে প্রত্যেক বিভাগের জন্য সাধারণ সারবস্তুগুলোকে দেওয়া হল:

১. ৪প্রত্যেক মহিলাকে দেখা হয়েছে ও জানা হয়েছে
২. ঈসা: একজন নবীর থেকে আরো অনেক বেশি কিছু
৩. বন্ধন থেকে মুক্তি
৪. ঈসার করুনা
৫. সংঘর্ষ এবং পূর্বধারণা
৬. আরোগ্য এবং পুনঃপ্রতিষ্ঠা
৭. লজ্জা এবং সম্মান
৮. ঈসাকে এবং তাঁর ক্ষমাকে জানা
৯. ঈসাকে গ্রহণ করার এবং অন্যদের কাছে ঈসাকে জানাবার ইচ্ছা
১০. ঈসার সাথে জীবনযাপন করা

আগামী সপ্তাহগুলোতে, আপনার নতুন দলটি ঈসা মসীহের বিষয়ে এবং তাঁকে অনুসরণ করার অর্থটি কি সে বিষয়ে তাদের জ্ঞানটিতে বৃদ্ধি পাবে। একটি খ্রীষ্টিয়ান সমাজে জীবন যাপনের অভিজ্ঞতা প্রাপ্তির সুযোগও পাবে।

প্রত্যেক মিটিংয়ে আমরা দৃঢ় বন্ধুত্ব গড়ে তোলার জন্য আমরা যা ব্যবহার করি সেটিকে বলা হয় থ্রী থার্ডস (৩/৩ বা তিন তৃতীয়াংশ) ফরম্যাট। ৩/৩ ফরম্যাট হল একটি ব্যবহারিক দলমূলক পরিকাঠামো যা আপনার মিটিংগুলোর ক্ষেত্রে সরলতা ও একটি রুটিন প্রদান করে এবং ইচ্ছাকৃততা, অনুপ্রেরণা এবং বৃদ্ধি সুনিশ্চিত করে। এটিতে তিনটি অংশ রয়েছে: পূর্বে অবলোকন করা, ঊর্ধ্বে অবলোকন করা এবং অগ্রে অবলোকন করা.

লক্ষ্য করুন: *ঈসাকে বিবেচনা করুন* উপকরণটিকে ঈশ্বরের আহ্বানকে সম্পূর্ণ করতে আপনাকে সাহায্য করার জন্য একটি সাধনী রূপে ডিজাইন করে হয়েছে। **আপনার সাংস্কৃতিক প্রয়োজনগুলোতে সবচাইতে ভালোভাবে খাপ খাওয়ানোর জন্য এটিকে গ্রহণ করার বিষয়ে অনুগ্রহ করে উন্মুক্ত বিচারধারা রাখুন!**

# থ্রী-থার্ডস

**একটি শিষ্যত্বের প্রশিক্ষণ প্রক্রিয়া**

## পূর্বে অবলোকন করা

- **যত্ন নিন:** জানান আপনি কেমন আছেন। জীবন-কাহিনীগুলোকে ও পটভূমিগুলোকে জানান।
- **উপাসনা করুন:** গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।
- **বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন:** দেখান আপনি কিভাবে তা প্রয়োগ করছেন যা আপনি শিখছেন।
- **দর্শন নিক্ষেপ করুন:** জানান কিভাবে ঈসা আপনার জীবনকে বদলে দিতে পারেন। পরস্পরকে উৎসাহ দিন।

## ঊর্ধ্বে অবলোকন করা

- **দেখান:** দুবার বিভাগটিকে দেখুন। ঈসার বিষয়ে একত্রে একটি নতুন কাহিনী শিখুন।
- **বলুন:** কাউকে তার নিজ কথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
- **সম্পূর্ণ করুন:** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
- **আলোচনা করুন:** সময়সীমা অনুসারে যত বেশি হতে পারে প্রশ্নগুলোকে আলোচনা করুন।

## অগ্রে অবলোকন করা

- **প্রয়োগ করুন:** আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন তা নির্ধারিত করুন।
- **অভ্যাস করুন:** কাহিনীটিকে একে অপরকে বলুন।
- **জানান:** আলোচনা করুন আপনি কাকে কাহিনীটিকে বলবেন।
- **প্রার্থনা করুন:** আমরা যা শিখেছি সে বিষয়ে ঈশ্বরকে ধন্যবাদ করুন। পরস্পরের জন্য প্রার্থনা করুন এবং সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# ধাপ চার

# ০৪

## আগামী ধাপটিতে অগ্রসর হন

*ঈসাকে বিবেচনা করুন* উপকরণটির অন্তিম পাঠটি খ্রীষ্টিয়ান জীবন নিয়ে আলোচনা করবে। এই বিভাগটিতে, মরিয়ম ঈসাকে অনুসরণ করার উচ্চ আহ্বান ও মূল্যটিকে পর্যালোচনা করেন। আপনার দলের প্রত্যেককে তাদের আগামী ধাপে পরিচালনা করাটা গুরুত্বপূর্ণ হবে যদি তারা প্রস্তুত হতে থাকে। **এটি আপনার দলের সদস্যদের একজন বা কয়েকজনকে তাদের নিজ *ঈসাকে বিবেচনা করুন* দলটিকে আরম্ভ করতে চ্যালেঞ্জ করার এবং অন্যদের কাছে তারা কি জেনেছে তা জানাবার একটি মহান সুযোগ হতে পারে।** যদি আপনার দলটি একত্রিত মিটিং করাকে বহাল রাখতে পছন্দ করে, তাহলে আমরা *রিভকা* বা *নোইং জেসাস*-এর মত একটি নতুন অধ্যয়ন দলে রূপান্তরিত হওয়ার পরামর্শ দিই:

*রিভকা* তথ্যমূলক পৃষ্ঠা:
www.jesusfilm.org/partners/resources/strategies/women/gather-and-grow/

*নোইং জেসাস* তথ্যমূলক পৃষ্ঠা:
www.jesusfilm.org/partners/resources/strategies/knowing-jesus/

*নোইং জেসাস* প্রমোশনাল ভিডিও:
www.youtube.com/watch?v=MkYpNK5OvKk

# লিডারের কুইক রেফারেন্স গাইড

## বিভাগীয় অধ্যয়নগুলোতে কিভাবে যাবো

*মগ্দলীনী* উপকরণটিকে মরিয়মের জীবনের মুহূর্তগুলোকে আরো ভালোভাবে অধ্যয়ন করতে কতিপয় বিভাগে ভাগ করা হয়েছে যেখানে তিনি ঈসাকে অন্যদের মানব-অবস্থার বিকৃতিকে মহানভাবে জয় করতে দেখেছিলেন। আপনার অনুসন্ধানকারী অধ্যয়নটিকে সহায়তা করার সবচাইতে উত্তম উপায়টি হল প্রদত্ত ফরম্যাটে এক সময়ে একটি বিভাগে অগ্রসর হওয়া।

প্রত্যেক সপ্তাহে সমস্ত প্রশ্ন আলোচনা করার প্রয়োজন নেই। মুখ্য বিষয়টি হল আপনার দলের সদস্যদের খোলাখুলিভাবে আলোচনা করতে দেওয়া যে সেই বিভাগগুলো ঈসা কে হন এবং মরিয়মের রূপান্তরণ বিষয়ে কি প্রকাশ করে। একজন সহায়তাকারী রূপে আপনার দলের জন্য একটি সুরক্ষিত পরিবেশ গড়ে তোলাটা আপনারও দায়িত্ব। এটি করতে, আপনার ভূমিকাটি হল শোনা এবং সহায়তা করা। এটিকে একটি *দলমূলক* আলোচনা করার অভিপ্রায়ে করা হয়েছে, প্রচার করার একটি সময় হওয়ার জন্য নয়।

ক্লিপসগুলোকে পেতে, আপনার জেসাস ফিল্ম প্রজেক্ট অ্যাপ-এ যান এবং ইটালিক শৈলীতে নিম্নে লেখা প্রত্যেক বিভাগকে তার নাম দ্বারা খুঁজে পেতে সার্চ বার ব্যবহার করুন, বা জেসাস ফিল্ম প্রজেক্ট ওয়েবসাইট-এ jesusfilm.org/watch-এ যাওয়ার দ্বারা সেগুলোকে প্রাপ্ত করুন।

## এই অধ্যয়নে ব্যবহৃত *মগ্দলীনী* ফিল্মের কিছু বিভাগ দেওয়া হল:

**পাঠ ১:** প্রত্যেক মহিলাকে দেখা হয়েছে এবং জানা হয়েছে (বিভাগ: *মগ্দলীনী মরিয়ম রিভকার গৃহে যান*)।
**পাঠ ২:** ঈসা: একজন নবী থেকে আরো অনেক বেশি কিছু (বিভাগ: *মরিয়মের ঘোষণা*)।
**পাঠ ৩:** বন্ধন থেকে মুক্তি (বিভাগ: *মগ্দলীনী মরিয়মকে দুষ্ট আত্মাগুলোর থেকে মুক্ত করা হয়*)।
**পাঠ ৪:** ঈসার করুনা (বিভাগ: *ঈসা বিধবার পুত্রটিকে জীবিত করেন*)।
**পাঠ ৫:** সংঘর্ষ এবং পূর্বধারণা (বিভাগ: *কুয়োর পাশের স্ত্রীটি*)।
**পাঠ ৬:** আরোগ্য এবং পুনঃপ্রতিষ্ঠা (বিভাগ: *রক্ত ক্ষরণ রোগে গ্রস্ত মহিলা*)।
**পাঠ ৭:** লজ্জা এবং সম্মান (বিভাগ: *ব্যভিচারিনী স্ত্রীটিকে ক্ষমা করা হয়*)।
**পাঠ ৮:** ঈসার মৃত্যু ও পুনরুত্থান (বিভাগ: *মরিয়ম ঈসার মৃত্যু এবং পুনরুত্থান বর্ণনা করেন*)।
**পাঠ ৯:** ঈসাকে এবং তাঁর ক্ষমাকে জানা (বিভাগ: *রিভকা বিশ্বাস করেন*)।
**পাঠ ১০:** ঈসার সাথে জীবনযাপন করা (বিভাগ: *খ্রীষ্টিয়ান জীবন বাঁচা*)।

***আমরা প্রার্থনা করি যেন যখন আপনি তাঁর রাজ্যটিকে প্রসারিত করতে আপনাকে ব্যবহার করার বিষয়ে তাঁর উপর বিশ্বাস করেন তখন যেন ঈশ্বর আপনাকে আশির্বাদ করেন।***

# পাঠ ১ প্রত্যেক মহিলাকে দেখা হয়েছে ও জানা হয়েছে

## মগ্দলীনী মরিয়ম রিভকার গৃহে জান (গীতসংহিতা ১৩৯)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎসাহিত করুন।

---

ঊর্ধ্বে অবলোকন করা

পথহীনতা, পথভ্রষ্টতা, একাকীত্ব এবং হতাশার মধ্যে, ঈশ্বর হাগার নামে একটি দাসীর সাথে দেখা করেন। বাইবেল বলে, “পরে হাগার, যিনি তাহার সহিত কথা কহিলেন, সেই সদাপ্রভুর এই নাম রাখিল, ‘তুমি দর্শনকারী ঈশ্বর;’ কেননা সে কহিল, যিনি আমাকে দর্শন করেন, আমি কি এই স্থানেই তাঁহার অনুদর্শন করিয়াছি” (আদিপুস্তক ১৬:১৩-১৪, কেরী ভার্সন)। আজকে আমরা ঈশ্বরের বিষয়ে একত্রে শেখার আমাদের যাত্রাটিকে আরম্ভ করব যিনি আমাদের প্রত্যেককে দেখেন এবং জানেন।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা। মাথায় রাখবেন: প্রত্যেক সপ্তাহে সমস্ত প্রশ্ন আলোচনা করার প্রয়োজন নেই।

*১. কাহিনীটির বিষয়ে সবচাইতে ভালো আপনার কি লেগেছিল? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
*২. আপনি কি মনে করেন কেন রিভকা সন্দেহ করেছিল যে ঈশ্বর তাকে ভালোবাসেন বা এমনকি তাকে জানেনও?*
*৩. বর্তমানে অনেকে রয়েছে যারা ঈশ্বরের বিষয়ে কথা বলে। আমরা কিভাবে জানতে পারব যে ঈশ্বর আমাদের বিষয়ে বাস্তবে কি ভাবেন বা অনুভব করেন?*
*৪. গীতসংহিতা ১৩৯:১-১৮ পদ পড়ুন। ঈশ্বর আমাদেরকে কত ভালোভাবে জানেন সে বিষয়ে এই অনুচ্ছেদটিতে হজরত নবী দায়ূদ কি বলেন?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**

*৫. ঈশ্বর আপনাকে দেখেন এবং আপনার বিষয়ে সকল কিছু বোঝেন সেটা জানা আপনাকে কেমন অনুভব দেয়?*
*৬. হজরত দায়ূদ লেখেন যে ঈশ্বর আমাদের বিষয়ে সবকিছু জানেন, তথাপি তিনি আমাদের প্রেম করায় এবং নেতৃত্ব দেওয়ায় বিশ্বস্ত, এবং তিনি আমাদের সাথে সর্বদা রয়েছেন। আপনি কি মনে করেন, আমরা কেন এটিকে কখনো কখনো বিশ্বাস করতে বিফল হই?*

### উপসংহার

আপনার সৃষ্টিকর্তার দ্বারা সম্পূর্ণভাবে জানা ও সম্পূর্ণভাবে প্রেমপ্রাপ্ত হওয়ার অর্থ কি সে বিষয়ে বিবেচনা করুন। কি হবে যদি আপনার সকল দিকগুলোকে দেখা, আচ্ছাদিত ও মূল্য দেওয়া হয়ে থাকে? ঈসা আপনার সকল বিফলতাগুলোকে ক্ষমা করার এবং আপনার সম্পূর্ণ জীবনের জন্য একটি উদ্দেশ্য প্রদান করার প্রস্তাব দেন। তিনি সেই সকলকে অনন্ত জীবনের এবং তাঁর চিরস্থায়ী উপস্থিতির প্রতিশ্রুতি দেন যারা তাঁর নিকটে আসে। আপনাকে মর্যাদাপূর্ণ এবং বহুমূল্য করা হয়েছে কারণ আপনাকে ঈশ্বরের প্রতিমূর্তিতে নির্মাণ করা হয়েছে (আদিপুস্তক ১:২৬-২৭)। ঈসাকে বিবেচনা করুন।

---

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ২ ঈসা: একজন নবী থেকে আরো অনেক বেশি কিছু

## মরিয়মের ঘোষণা (লূক ১:২৬-৩৭)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

---

ঊর্ধ্বে অবলোকন করা

ঈসার কয়েকশো বছর পূর্বে হজরত নবী যিশাইয় ভাববাণী করেছিলেন যে ইস্রায়েলকে একটি চিহ্ন দেওয়া হবে: একটি কুমারী একটি পুত্রকে গর্ভে ধারণ করবেন (যিশাইয় ৭:১৪)। এই পুত্রটি অর্থাৎ ঈসা, নিজেকে এতটাই নম্র করেছিলেন যে তিনি সকল মানবজাতির সবচাইতে নম্র হয়েছিলেন: একটি শিশু। তিনি এই প্রমাণ করে মানবতাকে পূর্ণ পরিমাণে অভিজ্ঞতা করেছিলেন যে তিনি কেবল একমাত্র পূর্ণ ঈশ্বরই নন বরং তিনি পূর্ণ মানুষও। তিনি আমাদের সাথে থাকা সম্পর্কটিকে পুনর্গঠন করতে বৃদ্ধিমান যন্ত্রণা, রোগ, ক্ষুদা, তৃষ্ণা, শোক এবং আঘাতের সম্মুখীন হতে ইচ্ছুক হয়েছিলেন। আর যখন ঈসার জন্ম হয়, তখন তিনি একজন কুমারীর থেকে জন্মে ছিলেন: যিনি কুমারী মরিয়ম ছিলেন।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

১. *কাহিনীটির বিষয়ে সবচাইতে ভালো আপনার কি লেগেছিল? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
২. *আপনি কি মনে করেন মরিয়ম কেমন অনুভব করেছিলেন যখন ফেরেস্তার বার্তাটি শুনেছিলেন? আপনি কেমন অনুভব করতেন যদি তেমন খবর আপনি পেতেন?*
৩. *ফেরেস্তা বলেন, "ঈশ্বরের পক্ষে কিছুই অসম্ভব নয়।" আপনার জন্য এখন কি অসম্ভব মনে হয়?*
৪. *এর অর্থ কি যখন ফেরেস্তা বলেছিলেন যে শিশুটিকে "ঈশ্বরের পুত্র বলা হবে?"*

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**
৫. *আপনি কি মনে করেন ঈসা একটি কুমারীর থেকে জন্ম নিয়েছিলেন তা কেন গুরুত্বপূর্ণ?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

**উপসংহার**

ঈসার অতুল্যভাবে গর্ভে আসা এবং জন্ম নেওয়ার উপর বিবেচনা করুন। তিনি ঈশ্বর ও মানুষ উভয়ই। তিনি জগতের সৃষ্টিকর্তা এবং মানব উভয়ই। তিনি এমন কেউ যার সাথে আমরা চিহ্নিত হতে পারি এবং একজন উদ্ধারকর্তা রূপে ভরসা করতে পারি। ঈসাকে বিবেচনা করুন।

---

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ৩ বন্ধন থেকে মুক্তি

## মগ্দলীনী মরিয়মকে দুষ্ট আত্মাগুলোর থেকে মুক্ত করা হয় (লূক ৮:১-২)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

---

ঊর্ধ্বে অবলোকন করা

মানব পাচার, নেশা করা, পলায়নবাদ। বর্তমানে আমাদের জগতে অনেক ধরনের গুলামী রয়েছে। বাইবেল আমাদেরকে শেখায় যে মানবজাতি পাপের প্রতি গুলাম, কিন্তু এটি আরো শেখায় যে স্বাধীনতা পাওয়া যেতে পারে। এই কাহিনীটিতে, মরিয়মকে দেখুন যিনি, দুষ্ট আত্মাদের দ্বারা অধীনস্থ ও গ্রস্ত, ঈসার কর্তৃত্ব ও শক্তির সম্মুখীন হন।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

*১. কাহিনীটির বিষয়ে সবচাইতে ভালো আপনার কি লেগেছিল? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
*২. কিভাবে মরিয়মের গুলামী তাকে ব্যক্তিগতভাবে ও তার সমাজে প্রভাবিত করেছিল?*
*৩. মরিয়মের প্রতি ঈসার প্রতিউত্তরটি তাঁর বিষয়ে কি প্রকাশিত করে?*
*৪. ঈসার দ্বারা মুক্ত হওয়ার পরে মরিয়ম কিভাবে রূপান্তরিতা হয়েছিলেন?*

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**
*৫. কেন এটি গুরুত্বপূর্ণ যে দুষ্ট আত্মাগুলো জানত যে ঈসা কে ছিলেন, কেননা তারা তাঁকে "ঈশ্বরের পবিত্রজন বলেছিল?"*
*৬. আপনি কি মনে করেন মরিয়মকে ঈসা মুক্ত করার পর তাঁর বিষয়ে দর্শকরা কি মনে করেছিল?*
*৭. কল্পনা করুন আপনি কাহিনীটিতে মরিয়ম। আপনি কি মনে করেন আপনি ঈসার বিষয়ে কেমন অনুভব করতেন?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

**উপসংহার**

কাহিনীটিতে মরিয়মের অভিজ্ঞতা করা স্বাধীনতাটিকে বিবেচনা করুন। মুক্ত হওয়ার পর তার চোখের স্পষ্টতাটিকে, যে কৃতজ্ঞতা তিনি ব্যক্ত করেছিলেন এবং তার সম্পূর্ণ জীবনের রূপান্তরণটিকে মনে রাখবেন। আপনি কি বিশ্বাস করতে পারবেন যে বিভাগের আরম্ভের এই সেই একই স্ত্রী? আপনার বন্ধন ও গুলামী থেকে ঈসার ত্রাণ মুক্ত করে। আপনি কিরূপে নতুন হওয়ার ইচ্ছা রাখেন? আপনার কাধে বহন করা আপনার ভারটিকে তাঁকে তুলে নিতে দিন এবং তাঁকে অনুসরণ করুন। ঈসাকে বিবেচনা করুন।

---

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ৪ ঈসার করুনা

## ঈসা বিধবার পুত্রটিকে জীবিত করেন (লূক ৭:১১–১৭)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

---

ঊর্ধ্বে অবলোকন করা

শোককে গভীর দুঃখ রূপে সংজ্ঞায়িত করা হয়েছে, যা বিশেষ করে কারোর মৃত্যুর কারণে হয়। এই কাহিনীতে একটি বিধবা শোক করছে কারণ তার একমাত্র পুত্রের মৃত্যু হয়েছে। মরিয়ম ঈসার বিধবা মায়ের দিকে অগ্রসর হওয়াকে এবং তার হৃদয়ের প্রয়োজনগুলোকে পূর্ণ করাকে দেখেন। এই ঘটনাটিতে, ঈসা তার একমাত্র পুত্রকে জীবিত করাকে বেছে নিয়েছিলেন—বিধবাটিকে সবচাইতে বহুমূল্য উপহার দেওয়ার জন্য। তিনি এমনটি করার নির্ণয় সর্বদা নাও নিতে পারেন, কিন্তু আমরা প্রত্যেক পরিস্থিতিতে তার চিরস্থায়ী উপস্থিতির উপরে সর্বদা নির্ভর করতে পারি, এমনকি সবচাইতে যন্ত্রণাদায়ক শোকেও।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

*১. কাহিনীটির বিষয়ে সবচাইতে ভালো আপনার কি লেগেছিল? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
*২. ঈসা বিধবাটিকে সম্বোধন করতে তিনি যা করছিলেন তা করা থামান। এটি তাঁর হৃদয়ের বিষয়ে কি প্রকাশ করে?*
*৩. তিনি মৃতকে জীবিত করতে সক্ষম তা ঈসার বিষয়ে কি বলে?*
*৪. আপনি কি এমন আশাহীনতার একটি পরিস্থিতিতে কখনো ছিলেন?*

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**
*৫. যখন ঈসা মৃত ব্যক্তিটিকে জীবিত করেছিলেন তখন লোকেদের প্রতিক্রিয়াটি কেমন ছিল? বিধবাটি কেমন প্রতিক্রিয়া করেছিলেন?*
*৬. এমন কিছু বা কেউ আছে কি যার জন্য আপনি ঠিক এখন শোক করছেন? যদি এমন হয়, তবে আপনি কি সেই শোকে আপনাকে সাহায্য করতে দিতে ঈশ্বরের উপর বিশ্বাস করতে ইচ্ছুক?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

### উপসংহার

কেবল ঈশ্বরই মৃতকে শ্বাস-প্রশ্বাস ফিরিয়ে দিতে পারেন। এই সত্যের উপর বিবেচনা করুন যে ঈসাই হলেন ঈশ্বর। তিনি মৃতকে জীবন দিতে পারেন ও পেরেছিলেনও, কেবল এই লোকটির ক্ষেত্রেই নয়, কিন্তু তার সেবাকার্যের সময়কালে তিনবার মৃতকে জীবন দিয়েছিলেন।

---

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ৫ সংঘর্ষ এবং পূর্বধারণা

## কুয়োর পাশের স্ত্রীটি (যোহন ৪:১-৪২)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

---

ঊর্ধ্বে অবলোকন করা

আপনি কি কখন কারো দ্বারা বিচারিত বা হীন হয়েছেন? এই কাহিনীতে, মরিয়ম একটি সমাজচ্যুত শমরিয়া স্ত্রীকে লক্ষ্য করেন যিনি কুয়ো থেকে পানি আনতে প্রতিদিন গ্রামের বাইরে দূরে যেত। যেন কারোর সাথে ধাক্কা লেগে স্পর্শ না লেগে যায়, তাই স্ত্রীটি দুপুরের রোদে একা হেঁটে যেত পানি আনতে। যখন সে সেখানে পৌঁছালো তখন একজন পুরুষকে সেখানে দেখে নিরাশ হল। সে জানতে পারল এই পুরুষটি একজন ইহুদী। শমরিয়বাসীরা ইহুদী ও অ-ইহুদী লোকেদের মিশ্রণ ছিল যারা বিভিন্ন ধর্মীয় বিচার ও বিশ্বাসগুলোকে মিলিয়ে ছিল। ইহুদী ও শমরিয়রা পরস্পরকে ঘৃণা করত, কিন্তু উভই দলই একজন মসীহ্ত্রাণকর্তার অপেক্ষা করছিল, যিনি তাদের পাপের ক্ষমা নিয়ে আসবেন। সেই স্ত্রীটির আশ্চর্য হওয়াকে কল্পনা করুন, যখন সেই পুরুষ, ঈসা সাংস্কৃতিক নিয়ম উপেক্ষা করেন ও তার নিকটে পৌঁছান। কাহিনীটির অন্তিমে, সমাজচ্যুত শমরিয়া স্ত্রীটি সেই প্রথম ব্যক্তি হয় যার কাছে ঈসা নিজেকে মসীহ্রূপে প্রকাশিত করেন।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

*১. কাহিনীটির বিষয়ে সবচাইতে ভালো আপনার কি লেগেছিল? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
*২. কেন এটি গুরুত্বপূর্ণ যে ঈসা স্ত্রীটির অতীতের বিষয়ে সমস্ত কিছু জানতেন?*
*৩. আপনি কি মনে করেন সেই স্ত্রীটিকে তার নিজ বিষয়ে ও অতীতের পাপের বিষয়ে সবকিছু বলেছিলেন?*
*৪. যখন শিষ্যরা ঈসাকে শমরিয়া স্ত্রীটির সাথে কথা বলতে দেখেছিল, তখন তাদের প্রতিক্রিয়াটি কিভাবে তাদের পূর্বধারণাটিকে প্রকাশ করেছিল? এটি ঈসার বিষয়ে কি বলে?*

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**

*৫. আপনি কি মনে করেন ঈসা তার শিষ্যদেরকে এই কাহিনীটিতে কি শেখাবার চেষ্টা করছিলেন?*
*৬. স্ত্রীটি কি করেছিল যখন ঈসা তাকে বলেছিলেন তিনিই প্রতিজ্ঞা করা মসীহ্?*

**উপসংহার**

ঈসা আপনার সম্পূর্ণ অতীত জানেন: আপনার সকল খারাপ নির্ণয়, আপনার প্রত্যেক লজ্জাজনক মুহূর্ত এবং আপনার সমস্ত লজ্জা, সে বিষয়ে বিবেচনা করুন। এই সত্যর বিষয়ে এখন বিবেচনা করুন যে যদিও সকল কিছুই উন্মুক্ত, তথাপি তিনি আপনাকে সম্মান ও মর্যাদার সাথে দেখেন। আর কেবল আপনাকেই নয় কিন্তু সেই সকল লোকেদেরকেও যাদেরকে আপনি ঘৃণা করতে পারেন। সমস্ত লোকজন যেন তাঁকে জানে তাঁর এই ইচ্ছাটিকে বিবেচনা করুন। ঈসাকে বিবেচনা করুন।

---

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ৬ আরোগ্য এবং পুনঃপ্রতিষ্ঠা

## রক্ত ক্ষরণ রোগে গ্রস্ত মহিলা (লূক ৮:৪০-৪৮)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

---

ঊর্ধ্বে অবলোকন করা

আপনার কি কখনো কোনো শারীরিক বা মানসিক আঘাত থেকে মুক্তি পেতে এতটা মরিয়া বোধ করেছিলেন যে আপনি তা ঠিক করতে সম্ভাব্য প্রত্যেক উপায় চেষ্টা করে দেখেছিলেন? কারো দৃষ্টিগোচরে না এসে, কাহিনীর এই স্ত্রীটি বিশ্বাস করেছিলেন যে তিনি যদি কেবল ঈসার পোশাকের স্পর্শ পান, তবে তিনি সেই রক্ত ক্ষরণের রোগ থেকে সম্পূর্ণভাবে আরোগ্য পেতে পারেন যা বছরের পর বছর মন্দাবস্থার দিকেই গিয়েছিল। রক্ত ক্ষরণের রোগটি তাকে একজন বহিষ্কৃততে পরিণত করেছিল এবং সেই সময়ে ধর্মীয় শরীয়ত অনুযায়ী অশুচি হওয়ার তকমাও দিয়েছিল। ভিড়ের মধ্যে, তিনি ঈসাকে স্পর্শ করার নির্ণয় নিয়েছিলেন যখন মরিয়ম এবং অন্যরা আশেপাশেই দাঁড়িয়ে ছিলেন। দেখুন কি ঘটে।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

১. *কাহিনীটির বিষয়ে সবচাইতে ভালো আপনার কি লেগেছিল? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
২. *আপনি কি মনে করেন ঈসা স্ত্রী লোকটিকে ভিড়ের সামনে নিজেকে চিহ্নিত করতে কেন বলেছিলেন?*
৩. *মহিলাটির অঙ্গীকারের প্রতি ঈসার প্রতিক্রিয়াটি কেন গুরুত্বপূর্ণ?*
৪. *কল্পনা করুন আপনি হলেন কাহিনীর সেই মহিলা। সেক্ষেত্রে আরোগ্য হওয়ার পর প্রথম অনুভবটি কি হতে পারে এবং আপনি ঈসার প্রতি কেমন অনুভব করতেন?*

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**
৫. *এর অর্থ কি যে ঈসা যা করতে সক্ষম তা অন্য কেউই করতে পারবে না?*
৬. *আপনি কি মনে করেন ঈসার সাথে সাক্ষাৎকারের পূর্বে মহিলাটির জীবন কেমন ছিল?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

**উপসংহার**

একটি বড় ভিড়ের মধ্যে, মহিলাটি এগিয়ে গিয়েছিলেন এবং ঈসার পোশাক স্পর্শ করেছিলেন। যখন তিনি পোশাকের স্পর্শ টের পেলেন তখন নিজের দেহে সম্পূর্ণ আরোগ্যেরও অনুভব পেলেন। তাকে সুস্থ্য করা হয়েছিল! সেই স্বস্থি ও কৃতজ্ঞতার কল্পনা করুন যা তিনি তখন অনুভব করেছিলেন। ঈসা বলেছিলেন, "হে কন্যা, তোমার বিশ্বাস তোমাকে সুস্থ্য করল। শান্তির সাথে চলে যাও।" ঈসার কথাগুলোকে বিবেচনা করুন। এটি তিনি মহিলাটির অঙ্গীকারের পর বলেছিলেন। লোকেদের ভিড়ের সামনে যারা তাকে অশুচি বলে তকমা দিয়েছিলেন, ঈসা তাকে কন্যা বলেছিলেন এবং তার বিশ্বাসকে সম্মান দিয়েছিলেন। ঈসা আমাদের আঘাত ও ক্ষতগুলোর পরোয়া করেন। তিনি চান যেন আমরা আমাদের ভগ্নতায় এবং লজ্জায় তার কাছে আসি। ঈসাকে বিবেচনা করুন।

---

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ৭ লজ্জা এবং সম্মান

## ব্যভিচারিনী স্ত্রীটিকে ক্ষমা করা হয় (যোহন ৮:১–১১)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

---

ঊর্ধ্বে অবলোকন করা

ঈসার সময়ে ধর্মীয় নেতারা বিশেষ নিয়ম কানুনের উপর ধ্যান দিত এবং সেই কানুন ব্যবস্থাকে হজরত মূসার শরীয়ত বা মোশীর ব্যবস্থা বলা হয়। ঈশ্বরের সাথে সঠিক সম্পর্ক বজায় রাখতে লোকেদেরকে সেই নিয়ম নিখুঁতভাবে পালন করতে হত। দুর্ভাগ্যবশত, সেই কানুনের সমস্ত ব্যবস্থা কেউই পালন করতে পারত না কেননা আমাদের সকলের একই সমস্যা: পাপ। হিব্রু ভাষাতে পাপের অর্থ হল "পতিত হওয়া" বা লক্ষ্যচ্যুত হওয়া। কানুন ব্যবস্থার দাবিগুলোর অধীনে, আমরা সবাই পাপী ও মৃত্যুর যোগ্য। একজন উদ্ধারকর্তা ছাড়া, আমরা সবাই ধ্বংস হব। তথাপি, আমাদের পাপ সকলের দেনা শোধ করতে ঈসা আমাদের স্থানে নিজেকে কুরবান করতে এই জগতে এসেছিলেন। আমাদের এই কাহিনীটিতে, একজন পাপী স্ত্রীকে ঈসার কাছে আনা হয়। দেখুন কি ঘটে।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

*১. কাহিনীটির বিষয়ে সবচাইতে ভালো আপনার কি লেগেছিল? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
*২. কানুন ব্যবস্থা বা শরীয়ত অনুসারে, ব্যভিচারে ধৃত পুরুষ ও নারী উভয়কেই শাস্তি দিতে হত, কিন্তু কেবল স্ত্রীটিকেই ঈসার কাছে নিয়ে আসা হয়েছিল। আপনি কি মনে করেন কেন কেবল স্ত্রীটিকে ন্যায়বিচারের জন্য আনা হয়েছিল?*
*৩. ধর্মীয় নেতাগণ ও মহিলা উভয়ের প্রতি ঈসার প্রতিউত্তরটি কেন গুরুত্বপূর্ণ?*
*৪. আপনি কি মনে করেন মহিলাটি ঈসার "আমিও তোমাকে দোষী করব না" বলা কথাটি শুনে কেমন অনুভব করেছিল?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**

*৫. আপনি কি মনে করেন কেন ঈসা এই প্রকারে প্রতিউত্তর দেন? আপনি কি মনে করেন তিনি কি চেয়েছিলেন যেন তারা বোঝে?*
*৬. আপনি যদি ধর্মীয় নেতাদের স্থানে থাকতেন, তবে ঈসার প্রতিউত্তরে আপনি কেমন জবাব দিতেন?*

**উপসংহার**

স্ত্রী লোকটি ও ধর্মীয় নেতাগণ উভয়ের প্রতি যে প্রকারে ঈসা প্রতিক্রিয়া করেছিলেন সে বিষয়ে বিবেচনা করুন। তিনি জানতেন যে লোকেরা সেই স্ত্রীটিকে তাঁর কাছে নিয়ে এসেছিল এই জন্য নয় যে তারা স্ত্রীটির পরোয়া করত, কিন্তু কেবল মহিলাটিকে লজ্জিত করতে ও ঈসাকে ফাঁদে ফেলতে। তিনি না তো মহিলাটির আচরণ মুকুব করাকে আর না ধর্মীয় নেতাদের সাথে নিজেকে এক করাকে বেছে নিয়েছিলেন। লক্ষ্য করুন কিভাবে ঈসার হৃদয় উভয় পক্ষকে অনুশোচনা করার দিকে নেতৃত্ব দিয়েছিল। ঈসা আমাদের পাপ ক্ষমা করতে সক্ষম—এমনকিছু যা কেবল ঈশ্বর একমাত্র করতে পারেন—কারণ ঈসাই হলেন ঈশ্বর। যখন আমরা ঈসার অনুগামী হওয়াকে নির্বাচন করি, তখন তিনি আমাদেরকে ক্ষমা করেন এবং তাঁর মধ্যে আমাদেরকে নতুন জীবনের প্রস্তাব দেন। ঈসাকে বিবেচনা করুন।

---

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ৮ ঈসার মৃত্যু ও পুনরুত্থান

## মগ্দলীনী মরিয়ম ঈসার মৃত্যু এবং পুনরুত্থান বর্ণনা করেন (মথি ২৭-২৮)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

---

ঊর্ধ্বে অবলোকন করা

ঈসার মৃত্যুর রাতে, মহিলারা ঈসার মৃত দেহের জন্য মশলা ও মলম প্রস্তুত করতে দ্রুত বাড়িতে ফিরে গিয়েছিল। পরের দিন, তারা বিশ্রামবার পালন করেছিল এবং বিশ্রাম নিয়েছিল এই আশায় যে তারা তার পরের দিন তাদের প্রভুর দেহের কাছে যাবে। যখন তারা ঈসার আঘাতগুলোকে স্মরণ করল তখন তাদের চোখ কান্নায় ভরে উঠলো এবং তাদের হৃদয় ব্যথিত হল যেহেতু তাঁর মৃত্যুর চিত্রটি তাদের মনে বার বার আসছিল। তাদের প্রিয় বন্ধু, তাদের সুরক্ষাদাতা এবং তাদের রাজা, মারা গিয়েছেন।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

*১. কাহিনীটির বিষয়ে সবচাইতে ভালো আপনার কি লেগেছিল? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
*২. কেন এটি গুরুত্বপূর্ণ যে ঈসার মৃত্যুর বিষয়ে পুরনো নিয়মে নবীদের দ্বারা পূর্বেই বলা হয়েছিল?*
*৩. মরিয়ম আমাদের পাপের অভিশাপ ও মৃত্যুর কথা উল্লেখ করেন। কিভাবে ঈসার মৃত্যু এবং পুনরুত্থান এই বিষয়গুলোর উভয়কে জয় করেছিল?*
*৪. মরিয়ম রিভকাকে বলেন, "তুমি হলে স্নেহপ্রাপ্ত একটি মেয়ে।" ঈসার মৃত্যু ও পুনরুত্থান কিভাবে প্রমাণ করে যে আমরা ঈশ্বরের দ্বারা স্নেহপ্রাপ্ত?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**

*৫. এটি কেন গুরুত্বপূর্ণ যে ঈসা মরিয়ম এবং শিষ্যদের কাছে তাঁর মৃত্যুর পর বহুবার আবির্ভূত হয়েছিলেন?*
*৬. গীতসংহিতা ২২ অধ্যায় একত্রে পড়ুন। কোন পদগুলো সুনিশ্চিত করে যে ঈসা হলেন মসীহ্?*
*৭. ঈসার মৃত্যু ও পুনরুত্থানের মধ্যে তিন দিনের ব্যবধান ছিল। আপনি কি মনে করেন ঈসার মৃত্যুর পর তাঁর শিষ্যরা কেমন অনুভব করেছিলেন?*

**উপসংহার**

হজরত নবী যিশাইয়ের কথাগুলোকে বিবেচনা করুন, "কিন্তু তিনি আমাদের অধর্ম্মের নিমিত্ত বিদ্ধ, আমাদের অপরাধের নিমিত্ত চূর্ণ হইলেন; আমাদের শান্তিজনক শাস্তি তাঁহার উপরে বর্ত্তিল, এবং তাঁহার ক্ষত সকল দ্বারা আমাদের আরোগ্য হইল" (যিশাইয় ৫৩:৫, কেরী ভার্সন)। ঈসা লোকেদেরকে স্নেহ করতেন। তিনি তাদেরকে এতটাই গভীরভাবে এবং সম্পূর্ণরূপে মূল্যবান মনে করলেন যে তিনি তাদের কারণে নিজে অভিশপ্ত হয়েছিলেন, ঈশ্বরের থেকে তাঁকে দূর হতে হয়েছিল এবং আমাদের নিমিত্ত কুরবান হয়েছিলেন। যখন তিনি মৃত্যু থেকে উত্থিত হয়েছিলেন, তখন তিনি প্রমাণ করেছিলেন যে তিনিই প্রকৃত ঈশ্বর। সেই করুনা ও শক্তিটিকে বিবেচনা করুন যা ঈসা তাঁর মৃত্যু ও পুনরুত্থানে প্রমাণ করেছিলেন। ঈসাকে বিবেচনা করুন।

---

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ৯ ঈসাকে এবং তাঁর ক্ষমাকে জানা

## রিভকা বিশ্বাস করেন (লূক ২৪:৩৬-৫০)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

ঊর্ধ্বে অবলোকন করা

আমরা আমাদের সিরিজের অন্তিমে পৌঁছাই যখন মরিয়ম ঈশ্বরের কাহিনীটিকে বিবেচনা করেন। তিনি আমাদের প্রত্যেককে দেখেন ও জানেন। তিনি হলেন উদ্ধারকর্তা, দেহধারী ঈশ্বর, বন্ধন থেকে স্বাধীনতা ও ত্রাণ প্রদান করেন। তিনি মৃতকে জীবন দিতে যথেষ্ঠ শক্তিশালী এবং মানুষের গভীর দুঃখ ও শোকে তাদের প্রতি যথেষ্ট করুনাশীল। তাঁর কাছে আমাদেরকে ক্ষমা করতে ও মুক্ত করতে সমস্ত কর্তৃত্ব আছে এমনকি আমাদের গুরুতর ও লজ্জাজনক কাজগুলোকেও। আর তাঁর কথাই চূড়ান্ত, এমনকি মৃত্যুতেও। দেখুন যখন রিভকা ঈসার প্রতি সারা দেন।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

*১. ঈসার জীবন বিষয়ক মরিয়মের ধারণাটিতে আপনি সবচাইতে বেশি কি পছন্দ করেছিলেন? কি আপনার ধ্যান আকর্ষণ করেছিল?*
*২. ঈসার কোন গুণটি আপনার কাছে সবচাইতে অর্থপূর্ণ?*
*৩. আপনার পাপকে কিভাবে ঈশ্বরের কাছে মিটমাট করা হয়েছে?*
*৪. রিভকা সুনিশ্চিত নয় যে তাকে ক্ষমা করা হয়েছে। কেন এটি গুরুত্বপূর্ণ যে তার ভরসাটি চূড়ান্তভাবে ঈশ্বরের বাক্যে এবং তাঁর ক্ষমা দেওয়াত ছিল আর সে কেমন অনুভব করেছিল তার উপর বা তার আচরণের উপর ছিল না?*
*৫. আপনাদের কেউ কি রিভকার সাথে সাথে প্রার্থনা করেছিলেন? কেউ কি প্রার্থনা করতে চান?*

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**
*৬. ঈসার একজন অনুগামীর ক্ষেত্রে তার নিজ উদ্ধারের বিষয়ে সুনিশ্চিত হওয়াটা কেন গুরুত্বপূর্ণ?*
*৭. আপনি কি রিভকার দ্বিধার সাথে একমত হতে পারেন? যদি তেমন হয়, তবে আপনার দ্বিধা বা চিন্তাগুলোর বিষয়ে অনুগ্রহ করে জানান।*
*৮. আপনি কি এখনই ঈসার কাছে আপনার জীবন সমর্পণ করার বিষয়ে বিবেচনা করছেন?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

### উপসংহার

এই বিভাগে, আমরা দেখি রিভকা ঈসাকে অনুসরণ করার বিষয়ে নির্ণয় নেন। তাঁকে অনুসরণ করার তাৎপর্যগুলোকে এবং সেটির অর্থ আপনার জীবনের জন্য কি তা বিবেচনা করুন। আপনি কি পাপ থেকে মুক্ত হতে চান? ক্ষমা পেতে ও মুক্ত হতে চান? দেখা হোক ও জানা হোক বলে চান? নির্ভর করা যাবে এমন কাউকে চান? খাঁটি বিশ্বাস এবং পাপের কারণে প্রকৃত দুঃখ করা এটাই ঈসা আমাদের থেকে চান। একবার আপনি তাঁর কাছে এসে গেলে, আপনি আত্মবিশ্বাসী হতে পারবেন যে তিনি আপনাকে দেখবেন ও আপনার বিশ্বাসটিকে এখন ও সর্বদা সম্মান দিবেন। আপনি কি তাকে অনুসরণ করবেন?

**লিডারের জন্য মন্তব্য: ঈসাকে অনুসরণ করার সুযোগ কাউকে দেওয়াটা গুরুত্বপূর্ণ। "আপনাদের কেউ কি রিভকার সাথে সাথে প্রার্থনা করেছিলেন? কেউ কি প্রার্থনা করতে চান" এটা দলকে জিজ্ঞাসা করার বিষয়ে সুনিশ্চিত হন। যদি এটি আরো উপযুক্ত হয়, তবে দলের প্রত্যেক মহিলার কাছে এক এক করে জিজ্ঞাসা করুন।*

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# পাঠ ১০ ঈসার সাথে জীবনযাপন করা

## খ্রীষ্টিয়ান জীবন বাঁচা (মথি ২৮:১৮-২০)

পূর্বে অবলোকন করা

**যত্ন নিন**

- জানান আপনি কেমন আছেন।
- উদারতার অভ্যাস করুন।

**উপাসনা করুন**

- গান গেয়ে এবং প্রার্থনা করে একত্রে উপাসনা করুন।

**বিশ্বাসযোগ্যতাকে উদযাপন করুন**

- বিজয় অর্জনে পরস্পরকে উৎসাহিত করুন।

**দর্শন নিক্ষেপ করুন**

- প্রভু মসীহের সমর্পিত অনুগামী হতে পরস্পরকে উৎ-সাহিত করুন।

ঊর্ধ্বে অবলোকন করা

ঠিক যেমন মরিয়ম রূপান্তরিতা হয়েছিলেন, তেমনই ঈসাকে অনুসরণ করার অর্থ হল আপনিও রূপান্তরিত হবেন। তিনি আমাদেরকে কিছু মহান বিষয়ের জন্য আহ্বান করেন—যেন তাঁর পরিচয়টির সাথে বাঁচি এবং মর্যাদা, আশা, ও সদগুণ প্রাপ্ত হই। তিনি আমাদেরকে সেই জীবনের কথাগুলো অন্যদের কাছে জানাতে আহ্বান করেন যা আমাদেরকে পরিবর্তিত করেছে। তিনি আমাদেরকে তাঁর মধ্যে সুরক্ষিতভাবে বিশ্রাম নিতে আহ্বান করেন, এই কথা মাথায় রেখে যে তিনি আমাদের প্রত্যেক অংশকে জানেন ও বোঝেন।

**ধাপ ১: দেখান।** দুবার বিভাগটিকে দেখুন।
**ধাপ ২: বলুন।** কাউকে তার নিজ কোথায় বিভাগের কাহিনীটিকে বলতে বলুন।
**ধাপ ৩: সম্পূর্ণ করুন।** কাহিনীর না বলা জায়গাগুলোকে অন্যদের বলতে আমন্ত্রণ দিন।
**ধাপ ৪: আলোচনা করুন।** দলীয় আলোচনা:

*১.খ্রীষ্টিয়ান জীবনের আহ্বানটির বিষয়ে আপনার সবচাইতে বেশি কি ভালো লেগেছিল? কি আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?*
*২. ঈসারকে অনুসরণ করাটা কেমন দেখায়?*
*৩. ঈসার অন্তিম কথাগুলো কিভাবে আপনাকে প্রভাবিত করেছিল?*
*৪. আপনার জীবনের কোন দিকগুলো ঈসা পরিবর্তন করুক বলে আপনি চান?*

**আরো গভীরে যাওয়া (সময় অনুমতি দিলে আলোচনাটি চালিয়ে যান)...**
*৫. আপনার জীবনকে ঈসাকে পরিবর্তন করতে দেওয়ার বিষয়ে আপনাকে সবচাইতে বেশি কি ভয়ভীত করে?*
*৬. ঈসার কথাগুলো কিভাবে আপনাকে চ্যালেঞ্জ করেছে?*

আপনার স্মার্ট ডিভাইসে আপনার ভাষায় বিভাগটি দেখতে এই QR কোডটি ব্যবহার করুন।

**উপসংহার**
ঈসার তাঁর শিষ্যদেরকে বলা অন্তিম কথাগুলোর প্রধান তিনটি উপকরণের বিষয়ে বিবেচনা করুন। ঈসা ঘোষণা করেন যে তাঁকে স্বর্গ ও দুনিয়ার সকল অধিকার দেওয়া হয়েছে। তিনি আমাদেরকে যেতে ও শিষ্য বানাতে, তাদেরকে তাঁর সমস্ত আদেশগুলোকে পালন করতে শিক্ষা দিতে আজ্ঞা দেন। ঈসার অন্তিম ঘোষণা, আজ্ঞা ও আশ্বাসনটিকে আপনার জীবনে প্রকট করার অর্থ কি হতে পারে সে বিষয়ে বিবেচনা করুন।

ঈসাকে অনুসরণ করতে আপনি প্রস্তুত হন বা প্রস্তুত না হন, সেক্ষেত্রে আপনি কি তাঁর বিষয়ে ও কিভাবে তাঁকে আপনি অনুসরণ করতে পারেন সে বিষয়ে আগামীতে আরো শেখা জারি রাখতে চাইবেন? তাঁর বিষয়ে একত্রে শেখা ও আপনার আত্মিক জীবনে বৃদ্ধি পাওয়া জারি রাখার আরো সুযোগ সচরাচর আছে। যদিও এটি *ঈসাকে বিবেচনা করুন* উপকরণটিকে অন্তর্ভুক্ত করে, তথাপি আগামীতে কিছু ধাপ রয়েছে যা আপনি নিতে পারেন। একত্রে আলোচনা করুন আপনাদের প্রত্যেকের জন্য আগামী ধাপটি কেমন দেখাবে। *রিভকা* এবং *নোইং জেসাস* হল জেসাস ফিল্ম প্রজেক্ট-এর স্বীকৃত আগামী ধাপসমূহ। এই সাধনীগুলোর আরো তথ্য ফোর স্টেপ অফ দ্য লিডারস্ গাইড-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। **আপনি কি শিখেছেন তা অন্যদের কাছে জানাতে ও আপনার নিজ *ঈসাকে বিবেচনা করুন* দল আরম্ভ করতে চাইতেও পারেন। আপনার দলের লিডারকে পরামর্শ ও সহায়তার জন্য জিজ্ঞাসা করুন যদি সেটিই আপনার জন্য সঠিক আগামী ধাপ হয়ে থাকে।**

অগ্রে অবলোকন করা

**প্রয়োগ করুন**

- ঈশ্বর কিরূপে নিজেকে বিশ্বস্ত দেখিয়েছিলেন?
- ঈশ্বরের বিষয়ে আপনি যা শিখেছেন তা কিভাবে প্রয়োগ করবেন?

**অভ্যাস করুন**

- পরস্পরকে কাহিনীটি বলার অভ্যাস করুন।

**জানান**

- আপনি কার কাছে কাহিনীটি জানাবেন?

**প্রার্থনা করুন**

- আপনি যা শিখেছেন তারজন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- পরস্পরের জন্য প্রার্থনা করুন।
- সমাজের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# ঈসাকে বিবেচনা করুন

সমাজমূলক ছোট দলসমূহের জন্য একটি ১০-সপ্তাহব্যাপী কৌশল

Jesus Film Project®
A Cru Ministry